নাম (প্রথম, পদবি)

Fair Fares ID:

FF-1c (B) 06/10/2025 (page 1 of 8)
(E) 05/23/2025 LLF

# Fair Fares NYC

# নিউ ইয়র্ক সিটি সমাজসেবা/মানবসম্পদ প্রশাসন বিভাগের (Department of Social Services/Human Resources Administration) ব্যবহারের শর্তাবলী এবং অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য

## সাবওয়ে এবং লোকাল বাস অথবা Access-a-Ride যাত্রায় Fair Fares-এর ছাড় (Bengali)

সমাজসেবা/মানবসম্পদ প্রশাসন (Department of Social Services/Human Resources Administration DSS/HRA) Fair Fares নিউ ইয়র্ক সিটি (Fares New York City FFNYC) কর্মসূচি ("প্রোগ্রাম") পরিচালনা করে। এই প্রোগ্রামটি যোগ্য ব্যক্তিদের অর্ধেক ভাড়ায় সাবওয়ে, লোকাল বাস এবং Access-A-Ride (AAR) প্যারাট্রানজিটে ভ্রমণের সুযোগ দেয়।

**Fair Fares NYC প্রোগ্রামে নথিভুক্তিকরণ:**

আপনি যদি প্রোগ্রামের যোগ্যতার প্রয়োজনীয়তা পূরণ করেন এবং তহবিল উপলব্ধ থাকে, আপনি একটি FFNYC ছাড় গ্রহণ করবেন এবং এক বছরের জন্য প্রোগ্রামটিতে নথিভুক্ত হবেন। আপনাকে নিম্নলিখিত ছাড়গুলির মধ্যে একটির জন্য নথিভুক্ত করা হবে (আপনার নথিভুক্তিকরণের সময়ে আপনার জন্য যেটি প্রযোজ্য হবে):

- MTA নিউ ইয়র্ক সিটি ট্রানজিট (New York City Transit NYCT) সাবওয়ে এবং লোকাল বাসে (বি-লাইন, নাসাউ ইন্টার-কাউন্টি এক্সপ্রেস, স্টেটেন আইল্যান্ড রেলওয়ে, রুজভেল্ট আইল্যান্ড ট্রাম এবং হাডসন রেল লিংক সহ) ছাড়; **অথবা**
- Access-A-Ride-এ ছাড়।

যদি কোনো সময়ে আপনি আর যোগ্য না থাকেন, প্রোগ্রামটি থেকে আপনাকে বাতিল করা হবে এবং ছাড় বন্ধ হয়ে যাবে। যদি আপনাকে বাতিল করা হয়ে থাকে তাহলে প্রোগ্রামটি, ফাইলে থাকা আপনার ঠিকানাতে ডাকযোগের মাধ্যমে আপনাকে জানিয়ে দেবে।

**FFNYC এর যোগ্যতা**

NYC এর বাসিন্দারা FFNYC এর জন্য যোগ্য হতে পারেন যদি তারা:

- 18 থেকে 64 বছরের মধ্যে (এবং সহ) হয়;
- এমন একটি পরিবারের সদস্য যেটি FFNYC প্রোগ্রাম অনুযায়ী আয় নির্দেশিকা পূরণ করে;
- DSS/HRA বা অন্যান্য NYC সংস্থা থেকে সম্পূর্ণ গাড়ি ভাড়া পাচ্ছেন না; **এবং**
- যদি FFNYC সাবওয়ে এবং বাসের জন্য ছাড় বাছাই করেন, তবে অন্য কোনো পরিবহন ছাড়ের প্রোগ্রামে (discount program) ইতিমধ্যেই অংশগ্রহণ করলে বা অংশগ্রহণের যোগ্য হলে চলবে না।

FAIR FARES NYC

________________________________________
নাম (প্রথম, পদবি)

________________________________________
Fair Fares ID:



**Fair Fares MetroCard (Fair Fares MetroCard FFM) থেকে ওয়ান মেট্রো নিউ ইয়র্ক (One Metro New York OMNY) পেমেন্টে স্যুইচ করা:**

প্রোগ্রামটি আর Fair Fares MetroCard (FFM) জারি করছে না। আপনার যদি কোনো FFM থেকে থাকে, আপনি সেটি ততক্ষণ ব্যবহার করতে পারবেন যতক্ষণ না পর্যন্ত (যেটি প্রথমে হবে):

- FFM এর মেয়াদ শেষ হয়ে যায় (মেয়াদের তারিখ কার্ডের পিছনে থাকে);
- FFM কাজ করা বন্ধ করে দেয়;
- FFM নিষ্ক্রিয় হয়ে যায়; **<u>অথবা</u>**
- আপনি আর নথিভুক্ত না থাকেন।

আপনার ইতিমধ্যে স্বাক্ষর করা ব্যবহারের শর্তাবলীগুলি আপনার MetroCard-এ ততক্ষণ প্রযোজ্য যতদিন পর্যন্ত এটি কার্যকর থাকবে।

আপনি MetroCard থেকে OMNY তে স্যুইচ করবেন যখন:

- আপনি প্রোগ্রামে আপনার তালিকাভুক্তি পুনর্নবীকরণ করেন; **<u>অথবা</u>**
- আপনি আপনার MetroCard-টি হারিয়ে গেছে, চুরি হয়ে গেছে, অথবা ক্ষতিগ্রস্ত হয়েছে বলে রিপোর্ট করেন।

আপনি যেকোনো সময় MetroCard থেকে OMNY তে স্যুইচ করতে পারেন। যখন আপনি MetroCard থেকে OMNY তে স্যুইচ করবেন, তখন আপনি আপনার ছাড়যুক্ত ভাড়া কীভাবে পরিশোধ করবেন তা বেছে নিতে পারবেন:

- আপনি FFNYC এর পাঠানো একটি OMNY কার্ড ব্যবহার করতে পারেন;
- আপনি আপনার নিজস্ব OMNY কার্ড ব্যবহার করতে পারেন; **<u>অথবা</u>**
- আপনি একটি ব্যক্তিগত ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড, অথবা মোবাইল ডিভাইস দিয়ে পেমেন্ট করতে পারেন।

**সাবওয়ে এবং লোকাল বাসে ছাড়ের জন্য তালিকাভুক্ত অংশগ্রহণকারীদের জন্য:**

Fair Fares NYC ছাড় <u>শুধুমাত্র</u> আপনার ব্যবহারের জন্য। আপনি যদি অন্য কাউকে আপনার ছাড় ব্যবহার করতে দেন, তাহলে প্রোগ্রামটি আপনাকে বরখাস্ত করতে পারে এবং আপনার ছাড় বাতিল করতে পারে। আরও তথ্যের জন্য নিচের জরিমানা বিভাগটি দেখুন।

**OMNY এর সাথে FFNYC ছাড় ব্যবহার করা:**

- আপনি যেকোনো OMNY রিডারে আপনার কার্ড বা ডিভাইসটি ট্যাপ করতে পারেন। আপনার ছাড় সাবওয়ে, লোকাল বাস, স্ট্যাটেন আইল্যান্ড রেলওয়ে, রুজ্‌ভেল্ট আইল্যান্ড ট্রাম, এবং হাডসন রেল লিঙ্কগুলিতেই কার্যকর হবে। আপনার ছাড় এক্সপ্রেস বাস বা AirTrain JFK -তে কাজ করবে না - এই পরিষেবাগুলির জন্য আপনার থেকে সম্পূর্ণ ভাড়া নেওয়া হবে।
- আপনি যদি একটানা 7 দিনের মধ্যে অর্থ প্রদান করতে হয়েছে এমন 12টি যাত্রা করে থাকেন, সেই সময়সীমার মধ্যে থাকা সমস্ত অতিরিক্ত ভ্রমণ আপনাতেই বিনামূল্যে হয়ে যাবে। ***যতদিন OMNY ভাড়ার সর্বোচ্চ সীমা অফার করবে, ততদিন পর্যন্ত এটি উপলব্ধ থাকবে।***

- আপনার ছাড়ের জন্য আপনি কেবল একটি পেমেন্ট পদ্ধতি ব্যবহার করতে পারবেন: একটি OMNY কার্ড, একটি ক্রেডিট বা ডেবিট কার্ড, অথবা একটি মোবাইল ডিভাইস। প্রোগ্রামের বিবেচনার ভিত্তিতে আপনার পেমেন্ট পদ্ধতি পরিবর্তন করার ক্ষমতা সীমিত হতে পারে।

**OMNY কার্ড কীভাবে কাজ করে:**

আপনি NYCT সাবওয়ে স্টেশনগুলিতে অবস্থিত একটি OMNY কার্ড ভেন্ডিং মেশিনে, শহরের বিভিন্ন অংশগ্রহণকারী খুচরা দোকানে (omny.info/retail), OMNY গ্রাহক পরিষেবা (877)-789-6669 নম্বরে কল করে, অথবা আপনার নিবন্ধিত OMNY অ্যাকাউন্ট (omny.info/register) এর মাধ্যমে অনলাইনে OMNY কার্ডে টাকা যোগ করতে পারেন।

- প্রোগ্রামটি ভাড়ার মূল্য প্রদান কিংবা পরিশোধ করে না। FFNYC এর দ্বারা আপনাকে দেওয়া কোনো কার্ডে টাকা থাকবে না।
- OMNY কার্ড ব্যবহার করার আগে, আপনি যে পরিবহন পদ্ধতি ব্যবহার করতে যাচ্ছেন তার ভাড়া পরিশোধের জন্য আপনাকে টাকা যোগ করতে হবে। আপনার কার্ডে সর্বনিম্ন $1.00 এর মতো পরিমাণ টাকা যোগ করা যেতে পারে। যাত্রা করার জন্য আপনার নির্ধারিত ভাড়ার কমপক্ষে 50% ব্যালেন্স থাকতে হবে।

**ক্রেডিট বা ডেবিট কার্ড অথবা মোবাইল ডিভাইসের মাধ্যমে আপনার ছাড় কীভাবে ব্যবহার করবেন**

আপনি আপনার ছাড়টি একটি ব্যক্তিগত ক্রেডিট বা ডেবিট কার্ড, অথবা একটি মোবাইল ডিভাইস দিয়ে ব্যবহার করতে পারেন। প্রতিবার ট্যাপ করার সময় OMNY আপনাকে ছাড়যুক্ত ভাড়া চার্জ করবে।

- আপনার ক্রেডিট বা ডেবিট কার্ডে ছাড় যোগ হলে FFNYC আপনাকে জানাবে।
- আপনার মোবাইল ডিভাইসে যদি আপনি আপনার ছাড় ব্যবহার করতে চান, তাহলে ছাড় যোগ করার পর OMNY রিডারে ডিভাইসটি ট্যাপ করুন।
- এই ছাড়টি শুধুমাত্র আপনার ক্রেডিট বা ডেবিট কার্ডের একটি ধরণের সংস্করণের সাথে ব্যবহার করা যেতে পারে: উদাহরণস্বরূপ, যদি আপনার মোবাইল ডিভাইসে একই কার্ডের ডিজিটাল সংস্করণে ছাড় থাকে তবে আপনি আপনার ফিজিক্যাল কার্ডে ছাড় ব্যবহার করতে পারবেন না।
- যদি আপনার ক্রেডিট বা ডেবিট কার্ডে একাধিক অনুমোদিত ব্যবহারকারী থাকে, তাহলে কেবলমাত্র একজন অনুমোদিত ব্যবহারকারীই ছাড় সহ সেই কার্ডটি ব্যবহার করতে পারবেন।
- আপনি যদি OMNY কার্ড থেকে ক্রেডিট বা ডেবিট কার্ড বা মোবাইল ডিভাইসে স্যুইচ করেন, তাহলে আপনার OMNY কার্ডটি একটি ফুল ফেয়ার কার্ডে পরিণত হবে।

নাম (প্রথম, পদবি)

Fair Fares ID:



**হারিয়ে যাওয়া, চুরি হওয়া, অথবা ক্ষতিগ্রস্ত হওয়া OMNY কার্ড:**

- আপনার কার্ড হারিয়ে গেলে, চুরি হয়ে গেলে বা ক্ষতিগ্রস্ত হলে তা জানাতে ACCESS HRA (AHRA)-এ লগ ইন করুন অথবা 311 নম্বরে কল করুন। OMNY কার্ডটি একবার বাতিল হয়ে গেলে তা আর কাজ করবে না।
- আপনি আপনার OMNY কার্ডটি অন্য একটি OMNY কার্ড দিয়ে প্রতিস্থাপন করতে পারেন, অথবা একটি ক্রেডিট বা ডেবিট কার্ড বা মোবাইল ডিভাইস দিয়েও কিনতে পারেন।
- FFNYC প্রতি নথিভুক্তির বছরে শুধুমাত্র একটি প্রতিস্থাপন OMNY কার্ড জারি করবে। দ্বিতীয় প্রতিস্থাপনের অনুমতি প্রোগ্রামের বিবেচনার ভিত্তিতে শুধুমাত্র বিশেষ পরিস্থিতির ক্ষেত্রে দেওয়া হবে।
- যখন FFNYC আপনাকে একটি নতুন OMNY কার্ড পাঠাবে, তখন আগের কার্ডে থাকা যেকোনো টাকা নতুন কার্ডে চলে যাবে।
- **OMNY কোনো রিফান্ড অফার করে না।**
- যদি আপনি প্রতিস্থাপন কার্ডের সীমায় পৌঁছে যান, তাহলে আপনি আপনার নিজস্ব OMNY কার্ডে আপনার ছাড় যোগ করতে পারেন অথবা ক্রেডিট বা ডেবিট কার্ড বা মোবাইল ডিভাইস ব্যবহার করতে পারেন।
- আপনি যদি আপনার ছাড়টি আপনার নিজস্ব OMNY কার্ডে স্যুইচ করেন, তাহলে আগের কার্ডের যেকোনো টাকা আপনার OMNY অ্যাকাউন্টে থেকে যাবে। আপনার পুরোনো কার্ড থেকে আপনার নিজস্ব OMNY কার্ডে টাকা স্থানান্তর করতে আপনাকে অবশ্যই OMNY গ্রাহক পরিষেবায় (877) 789-6669 নম্বরে কল করতে হবে।
- অপব্যয়িত বা অপব্যবহার করা Fair Fares OMNY কার্ড (FFOC) যেখানে টাকা বাকি আছে, সেগুলি ফেরত পাওয়ার যোগ্য নয়।

**হারিয়ে যাওয়া, চুরি যাওয়া, অথবা ক্ষতিগ্রস্ত হওয়া ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড, অথবা মোবাইল ডিভাইস**

- অননুমোদিত লেনদেন প্রতিরোধ করতে আপনার কার্ড বাতিল বা পজ করতে প্রথমে আপনার ব্যাঙ্কের সাথে যোগাযোগ করুন।
- আপনার ছাড় অন্য কার্ডে স্থানান্তর করতে, AGRA-এ লগইন করুন। একটি OMNY কার্ডের অনুরোধ করতে, AHRA-তে লগ ইন করুন অথবা 311 নম্বরে কল করুন।

**Fair Fares-দ্বারা জারি করা OMNY কার্ড (Fair Fares-Issued OMNY Card, FFOC) এর মেয়াদ শেষ হওয়া:**

- আপনার FFOC এর পিছনে একটি মেয়াদ শেষ হওয়ার তারিখ লেখা আছে। আপনাকে একই কার্ডের ব্যবহার ততক্ষণ পর্যন্ত চালিয়ে যেতে হবে যতক্ষণ না সেটির মেয়াদ শেষ হচ্ছে। যদি আপনি এখনও প্রোগ্রামে নথিভুক্ত থাকেন, তাহলে মেয়াদ শেষ হওয়ার আগে FFNYC স্বয়ংক্রিয়ভাবে আপনাকে একটি নতুন কার্ড ডাকযোগে পাঠাবে।
- FFNYC আপনার টাকা মেয়াদোত্তীর্ণ কার্ড থেকে নতুন কার্ডে স্থানান্তর করবে।

**MetroCard থেকে OMNY কার্ডে টাকা স্থানান্তর করা যাবে না:**

- আপনি ফুল-ফেয়ার MetroCard বা ফুল-ফেয়ার OMNY কার্ড থেকে অবশিষ্ট কোনো ব্যালেন্স স্থানান্তর করতে পারবেন না।
- আপনি আপনার Fair Fares MetroCard থেকে আপনার Fair Fares OMNY কার্ডে ব্যালেন্স স্থানান্তর করতে পারবেন না। মেয়াদ উত্তীর্ণ হওয়ার অথবা বাতিল হয়ে যাওয়ার পূর্বে আপনাকে আপনার MetroCard-এর অবশিষ্ট টাকা ব্যবহার করে নিতে হবে।

নাম (প্রথম, পদবি)

Fair Fares ID:



**NYCT পদ্ধতিসমূহ অনুযায়ী কোনো হারিয়ে যাওয়া বা চুরি হয়ে যাওয়া FFM-এর জন্য টাকা ফেরত পাওয়ার অনুরোধ করা:**

যদি আপনার FFM হারিয়ে যায় অথবা চুরি হয়ে যায়, **এবং** আপনি **ক্রেডিট, ডেবিট অথবা EBT কার্ডের** সাহায্যে 30-দিনের পাস কিনে থাকেন:

- আপনার কার্ড হারিয়ে যাওয়া বা চুরি হয়ে যাওয়ার রিপোর্ট করার জন্য 311 নম্বরে কল করার পরে অথবা AHRA-তে লগ ইন করার পরে, আপনার NYC Transit-এর সাথে 511 অথবা (718) 330-1234 নম্বরে কল করে যোগাযোগ করা উচিত এবং নির্দেশগুলি অনুসরণ করা উচিত যতক্ষণ না আপনি ব্যালেন্স প্রোটেকশন প্রোগ্রামে (Balance Protection Program) ফেরতের অনুরোধ করতে পৌঁছান।
- আপনি যেদিন ব্যালেন্স প্রোটেকশনকে (Balance Protection) FFM হারিয়ে গেছে বা চুরি হয়েছে তা জানাবেন, সেদিনের উপর ভিত্তি করে আংশিক ফেরতের জন্য যোগ্য হতে পারেন **এবং**:
  - হারিয়ে যাওয়া বা চুরি হয়ে যাওয়া FFM-এর মধ্যে 30-দিনের পাস ছিল;
  - আপনার 30-দিনের পাস নিষ্ক্রিয় হওয়ার সময় এটিতে সময় অবশিষ্ট ছিল; এবং
  - আপনি ডেবিট, ক্রেডিট অথবা EBT কার্ডের সাহায্যে 30-দিনের পাসের জন্য অর্থ প্রদান করেছেন:
- যদি আপনার FFM হারিয়ে যায় বা চুরি হয়ে যায়, তাহলে আপনি প্রতি ক্যালেন্ডার বছরে একবার FFM বিনামূল্যে ফেরত পেতে পারেন। দ্বিতীয়বার ফেরতের জন্য $5.00 ফি লাগবে, এবং কার্ডে থাকা পরিমাণ $5.00 এর কম হলে কোনো ফেরত দেওয়া হবে না। আপনি প্রতি বছর সর্বাধিক দুইবার টাকা ফেরতের সুবিধা গ্রহণ করতে পারেন।

**FFM যেগুলি ক্ষতিগ্রস্ত হয়েছে কিংবা কাজ করছে না:**

যদি আপনি ক্ষতি হয়ে যাওয়ার অথবা অকেজো হওয়ার কারণে আপনার FFM ব্যবহার করতে না পারেন, তাহলে আপনাকে আপনার ক্ষতিগ্রস্ত বা অকেজো FFMটি FFNYC অফিসের অবস্থানে অবশ্যই ফেরত দিতে হবে।

নিকটতম অফিসের অবস্থান খোঁজার জন্য 311 নম্বরে কল করুন অথবা www.nyc.gov/fairfares এ যান। আপনি আপনার ক্ষতিগ্রস্ত অথবা অকেজো FFMটি প্রোগ্রামের কাছে ফেরত দেওয়ার পরে DSS/HRA আপনাকে একটি FFOC এর একটি প্রতিস্থাপন প্রদান করবে।

**MetroCard-এর মেয়াদ শেষ হওয়া**

মেয়াদ শেষ হওয়ার পরে যদি আপনার FFM এ টাকা বাকি থাকে, আপনি তা ফেরত পাওয়ার অনুরোধ করতে পারেন।

ডাকযোগের মাধ্যমে আপনার অনুরোধ জানান কিংবা FFNYC এর অবস্থানে আপনার মেয়াদ শেষ হয়ে যাওয়া কার্ডটি ফিরিয়ে দিন। টাকা ফেরত পাওয়ার যেকোনো অনুরোধ কার্ডের পিছনে থাকা মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখের 2 বছরের মধ্যে জানাতে হবে।

ডাকযোগে অনুরোধ পাঠাতে, আপনার কার্ডের সহিত নিম্নলিখিত তথ্যগুলি খামের মধ্যে অন্তর্ভুক্ত করবেন:

- আপনার নাম এবং পদবি।
- Fair Fares ক্লায়েন্টের ID নম্বর (আপনার ACCESS HRA অ্যাকাউন্টের Fair Fares হোম পেজে পাওয়া যাবে)।
- অবশিষ্ট টাকা যেটি আপনার মনে হয় কার্ডে বাকি থাকতে পারে।

আপনার Fair Fares MetroCard এবং উপরের তথ্যগুলি এখানে পাঠান:

নাম (প্রথম, পদবি)

Fair Fares ID:

FF-1c (B) 06/10/2025 (page 6 of 8)
(E) 05/23/2025 LLF

Fair Fares NYC
PO Box 7099
New York, NY 10008-7099

**Access-A-Ride (AAR) যাত্রাগুলিতে ছাড় পাওয়ার জন্য নথিভুক্ত অংশগ্রহণকারীদের জন্য**:

- Fair Fares-এর অংশগ্রহণকারীরা যারা AAR যাত্রী এবং AAR এর মাধ্যমে যাত্রায় ছাড়ের অনুরোধ করেন তারা সাবওয়ে এবং লোকাল বাসে ছাড় পাওয়ার যোগ্য নন। আপনার যদি ইতিমধ্যেই সাবওয়ে বা লোকাল বাসে ছাড় থাকে, তাহলে FFNYC আপনার কার্ড বা মোবাইল ডিভাইস থেকে ছাড়টি সরিয়ে ফেলবে।
- আপনি প্রোগ্রামকে আপনার Access-A-Ride ID নম্বরটি দেওয়ার পরে এবং NYC Transit আপনার সমস্ত তথ্য নিশ্চিত করার পরে, প্রতিটি AAR অ্যাকাউন্টে স্বয়ংক্রিয়ভাবে ছাড় প্রয়োগ করা হবে। একবার আপনি AAR দ্বারা নিশ্চিত হয়ে গেলে, আপনি Fair Fares যোগ্যতার সময়কালে ছাড়যুক্ত যাত্রা বুক করতে পারবেন। আপনার সংরক্ষণ করার সময়ে যাত্রায় ছাড় প্রয়োগ হয়ে যাবে, এবং আপনার যাত্রাটি সম্পূর্ণ হওয়ার পরে আপনি কেবলমাত্র ছাড়যুক্ত ভাড়ার পেমেন্ট করবেন।
- আপনার AAR ভাড়া ছাড় ব্যবহার করার জন্য একমাত্র আপনিই অনুমোদিত। যদি আপনি অন্য কোনো ব্যক্তিকে আপনার জন্য প্রদান করা ছাড় ব্যবহার করতে দেন, তাহলে আপনি প্রোগ্রামের যোগ্যতা হারাতে পারেন। আরও সুনির্দিষ্ট তথ্যের জন্য নিচের জরিমানা বিভাগটি দেখুন।

**FFNYC ব্যবহারের শর্তাবলীর সাথে সম্মত হওয়ার মাধ্যমে, আপনি আমাদের পরিষেবার ব্যবহার নিয়ন্ত্রণকারী শর্তাবলী এবং নীতিগুলিকে স্বীকৃতি দিচ্ছেন এবং মেনে নিচ্ছেন, যেগুলির মধ্যে ব্যবহারকারীর আচরণের নির্দেশিকা, ডেটার গোপনীয়তা, বুদ্ধিবৃত্তিক সম্পত্তির অধিকার, এবং দায়বদ্ধতার সীমাবদ্ধতাগুলি অন্তর্ভুক্ত রয়েছে।**

**FFNYC প্রোগ্রামে পুনর্নবীকরণ:**

আপনার FFNYC প্রোগ্রাম নথিভুক্তিকরণের সময়সীমা শেষ হওয়ার অন্ততপক্ষে 30 দিন আগে প্রোগ্রামটি আপনাকে সেই বিষয়ে জানিয়ে দেবে। তারপর, আপনি DSS/HRA-তে একটি পুনর্নবীকরণ আবেদন পাঠাতে পারেন। আপনার পুনর্নবীকরণ আবেদন অনুমোদিত হয়ে গেলে, আপনার ছাড়টি আপনি ইতিমধ্যে যে পেমেন্ট পদ্ধতিটি ব্যবহার করছিলেন সেই একই পদ্ধতিতে কাজ করবে, যদি না আপনি আপনার পুনর্নবীকরণ আবেদনের সময় একটি নতুন পেমেন্ট পদ্ধতি ব্যবহার করতে বলেন। যদি আপনার FFOC আপনার তালিকাভুক্তির সময় মেয়াদ শেষ হয়ে যায়, তাহলে মেয়াদ শেষ হওয়ার আগে স্বয়ংক্রিয়ভাবে একটি নতুন FFOC আপনার কাছে পাঠানো হবে।

**দাবিত্যাগ:**

Fair Fares ছাড়গুলি শুধুমাত্র ততক্ষণ উপলব্ধ থাকবে যতক্ষণ প্রোগ্রামটি কার্যকর রয়েছে। যদি প্রোগ্রামটি বন্ধ করে দেওয়া হয়, তাহলে আপনার কার্ড থেকে ছাড়টি সরিয়ে নেওয়া হবে, তবে আপনি আপনার OMNY অ্যাকাউন্টে অবশিষ্ট যেকোনো ব্যালেন্স সম্পূর্ণ ভাড়া প্রদানের ক্ষেত্রে ব্যবহার করা চালিয়ে যেতে পারবেন। প্রোগ্রামটি বন্ধ হয়ে গেলে Access-A-Ride-এর ছাড়ও অবিলম্বে শেষ হয়ে যাবে।

**ব্যবহারের এই শর্তাবলীর প্রতি সম্মতি জানানোর মাধ্যমে, আপনি স্বীকার করছেন যে এই চুক্তিটি একজন অংশগ্রহণকারী হিসাবে আপনার এবং FFNYC প্রোগ্রামের পরিচালক হিসাবে DSS/HRA এর দ্বারা এবং মধ্যে সম্পন্ন করা হয়েছে। NYCT এই চুক্তির মধ্যে একজন পক্ষ নয়।**

**এই চুক্তিতে পরিবর্তন:**

DSS/HRA যে কোনো সময়ে এই চুক্তির শর্তাবলী পরিবর্তন করতে পারে। Fair Fares ওয়েবসাইটে পোস্ট করার পর এই পরিবর্তনগুলি কার্যকর হবে। যদি কোনো পরিবর্তন এই চুক্তির একটি অংশকে অবৈধ করে তোলে, তবে সেই পরিবর্তন সম্পূর্ণ চুক্তিটিকে অবৈধ করে না। এটির অর্থ হল এই চুক্তির বাকি শর্তাবলী এখনও কার্যকর থাকবে।

**নিয়ন্ত্রক আইন:**

নিউ ইয়র্কের স্টেটের আইন এবং নিউ ইয়র্ক সিটির নিয়মের শিরোনাম 68 এর অধ্যায় 12 এই চুক্তিটি নিয়ন্ত্রণ করে। এই চুক্তিটির ব্যাখ্যা করার জন্য নিউ ইয়র্ক স্টেট আইন ব্যবহার করা হবে।

**আপনার তথ্যের পরিবর্তন:**

আপনাকে আমাদের ফাইলে থাকা ঠিকানাতে যাবতীয় বিজ্ঞপ্তি এবং প্রতিস্থাপিত FFOC-গুলি প্রেরণ করা হবে। আপনি আপনার দ্বারা পূর্বে প্রদত্ত তথ্যের যে কোনো পরিবর্তনের জন্য DSS/HRA কে জানাতে সম্মতি দিচ্ছেন, উদাহরণস্বরূপ:

- নাম;
- ঠিকানা;
- টেলিফোন নম্বর; এবং
- ই-মেইল ঠিকানা।

আপনি www.nyc.gov/accessfairfares এ গিয়ে, 311 নম্বরে কল করে অথবা কোনো Fair Fares NYC অফিসের অবস্থানে গিয়ে আপনার ডাকযোগের ঠিকানা অথবা যোগাযোগের তথ্য পরিবর্তন করতে পারেন।

**অযোগ্যতা:**

যদি আপনি প্রোগ্রামের জন্য অযোগ্য বলে প্রমাণিত হন, তাহলে FFNYC আপনার কার্ড বা মোবাইল ডিভাইস থেকে ছাড় সরিয়ে নেবে। যদি কার্ড বা মোবাইল ডিভাইসটি নিষ্ক্রিয় না করা থাকে, তাহলে আপনি ছাড় ছাড়াই কার্ড বা মোবাইল ডিভাইসটি ব্যবহার চালিয়ে যেতে পারেন।

**বিধিনিষেধ:**

আপনার FF ছাড় ব্যবহার করার অনুমতি কেবলমাত্র আপনার কাছেই রয়েছে। আপনি যদি আপনার FF ছাড় অন্য কাউকে ব্যবহার করতে দেন, আপনাকে প্রোগ্রাম থেকে অপসারিত করা হতে পারে, এবং আপনার যদি কোনো FFOC থেকে থাকে, সেই কার্ডে থাকা অবশিষ্ট টাকা হারাতে পারেন।

সমস্ত OMNY কার্ডের মতোই, যদি কোনো পুলিশ অফিসার কিংবা ট্রানজিট কর্মী দেখতে চায়, তাহলে আপনাকে আপনার FFOC অবশ্যই দেখাতে হবে।

প্রোগ্রামটি আপনার ছাড় বাতিল করতে পারে যদি:

- আপনি আপনার FFOC এর সাথে কারসাজি করে থাকেন; কিংবা
- আপনার জন্যে প্রদান করা ছাড়ের মাধ্যমে আপনি অন্য কাউকে আপনার FFOC বা ডিভাইস ব্যবহার করে সাবওয়ে বা যোগ্য বাসে চড়তে দিচ্ছেন।

**জরিমানা:**

যদি আপনি আপনার FF ছাড়ের দুর্ব্যবহার অথবা অপব্যবহার করেন কিংবা Fair Fares NYC এর সাথে প্রতারণা করেন (যেটির মধ্যে ছাড়টি অন্য কোনো ব্যক্তিকে ব্যবহার করতে দেওয়া, অথবা ইচ্ছাকৃতভাবে Fair Fares NYC কে ভুল তথ্য প্রদান করা অন্তর্ভুক্ত রয়েছে কিন্তু সীমিত নয়), আপনাকে একটি সতর্কতা পত্র পাঠানো হবে এবং 60-দিনের জন্য স্থগিতাদেশ দেওয়া হবে। 60-দিনের স্থগিতাদেশ সমাপ্ত হওয়ার পর, আপনি প্রোগ্রামটিতে পুনরায়

আবেদন করতে পারেন। যদি আপনি দ্বিতীয়বার অপরাধ করেন, তাহলে আপনাকে প্রোগ্রামটি থেকে স্থায়ীভাবে অযোগ্য হিসেবে বিবেচনা করা হবে।

অবশিষ্ট টাকা সহ FFOC-গুলির অপব্যবহার বা দুর্ব্যবহার করা হলে সেগুলি টাকা ফেরত পাওয়ার যোগ্যতা রাখে না।

**যোগ্যতা সিদ্ধান্তের ব্যাপারে আপত্তি জানানোর অধিকার**:

আপনি যদি Fair Fares NYC এর জন্য অযোগ্য হিসাবে বিবেচিত হন, আপনার 311 নম্বরে কল করে অথবা FFNYC অবস্থানে ভিজিট করে একটি পরিচালনা সংক্রান্ত পর্যালোচনার অনুরোধ জানানোর মাধ্যমে যোগ্যতা সিদ্ধান্তের ব্যাপারে আপত্তি জানানোর অধিকার রয়েছে।

**তথ্যপ্রকাশ:**

DSS/HRA সুনির্দিষ্ট কিছু উদ্দেশ্যের জন্য প্রোগ্রামে আপনার অংশগ্রহণের জন্য আপনার সম্বন্ধে সংগৃহীত ব্যক্তিগত তথ্যগুলি ব্যবহার এবং শেয়ার করতে পারে, যেগুলির মধ্যে নিম্নলিখিত বিষয়গুলি অন্তর্ভুক্ত রয়েছে কিন্তু সীমিত নয়:

- কার্যক্রম পরিচালনা করার খাতিরে;
- আপনাকে অতিরিক্ত সুবিধা, পরিষেবা, এবং তত্ত্বাবধান পাওয়ার সুযোগ দিতে যেগুলির আপনি যোগ্য হতেও পারেন;
- Access-A-Ride প্রোগ্রামে (Access-A-Ride program) আপনার অংশগ্রহণ যাচাই করতে
- আপনি কোনো MTA হ্রাসপ্রাপ্ত-ভাড়া প্রোগ্রামে (Reduced-Fare program) অংশগ্রহণ করছেন না তা যাচাই করতে;
- প্রোগ্রামের সাথে সম্পর্কিত প্রতারণার সন্দেহজনক ঘটনাগুলির তদন্তের জন্য আইনি প্রয়োগকারীর কাছে প্রদান করতে।

Fair Fares ছাড় এবং এটির ব্যবহারগুলি NYC ট্রানজিট ও এটির অধিভুক্তদের সমস্ত ট্যারিফ বিধান, নিয়ম এবং প্রবিধানের সাপেক্ষে নির্ধারিত হয়।

**কোনো FFOC এর ব্যবহার FFM এর ব্যবহারের মতো একই ভাড়া ও ট্যারিফ টার্ম, শর্তাবলী, এবং বিধিনিষেধের সাপেক্ষে নির্ধারিত হবে। OMNY এর সহিত আপনার Fair Fares ছাড়ের ব্যবহার OMNY পরিষেবার শর্তাবলী এবং OMNY গোপনীয়তার নীতির সাপেক্ষে যেগুলি OMNY.info তে পাওয়া যেতে পারে।**

অনুগ্রহ করে এই ব্যবহারের শর্তাবলীটি পড়ুন এবং স্বাক্ষর করুন এবং নিজস্ব প্রমাণের জন্য একটি কপি রাখুন।

______________________________________________ ______________________
অংশগ্রহণকারীর নাম (মুদ্রিত) তারিখ

______________________________________________
অংশগ্রহণকারীর স্বাক্ষর

**গ্রাহক পরিষেবা বা আরও তথ্যের জন্য, 311 নম্বরে কল করুন। আপনি যদি শ্রবণশক্তিহীন হন বা আপনার শুনতে অসুবিধা হয়, তাহলে 711 নম্বরটির অথবা আপনার পছন্দের রিলে পরিষেবা প্রদানকারীর সাহায্য নিয়ে আমাদের সাথে যোগাযোগ করুন।**